# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 14-10-2025 Time: 1.30 P.M.**

বিশেষ বিশেষ খবর -

১) নতুন দিল্লিতে ভারত ও মঙ্গোলিয়ার মধ্যে প্রতিনিধি পর্যায়ের আলোচনা শুরু হয়েছে। উপস্থিত রয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং মঙ্গোলিয়ার রাষ্ট্রপতি খুরেলসুখ উখনা।

২) রাষ্ট্রসংঘে সেনা সরবরাহকারী দেশগুলির প্রধানদের তিন দিনের সম্মেলন আজ নতুন দিল্লিতে শুরু হয়েছে।

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেছেন, ভারত পুরনো আন্তর্জাতিক সংস্থাগুলির কাঠামো সংস্কারের পক্ষে।

৩) চলতি অর্থ বছরে দেশের মোট প্রত্যক্ষ কর সংগ্রহ বৃদ্ধি পেয়ে ১১ লক্ষ ৮৯ হাজার কোটি টাকায় পৌঁছেছে।

৪) বিদশমন্ত্রক জানিয়েছে, পশ্চিম এশীয়ায় দীর্ঘমেয়াদী শান্তির পক্ষে ভারত।

৫) জম্মু-কাশ্মীরের উত্তর কাশ্মীরের কুপওয়ারা জেলায় নিয়ন্ত্রণ রেখার কাছাকাছি গুলির লড়াইয়ে দুই জঙ্গি'র মৃত্যু হয়েছে।

৬) ভারত, ওয়েস্টইন্ডিজের বিরুদ্ধে দুই ম্যাচের টেস্ট ক্রিকেট সিরিজ ২-০-তে জিতে নিয়েছে।

oooooooooooooooooooooo

নতুন দিল্লিতে আজ ভারত ও মঙ্গোলিয়ার মধ্যে প্রতিনিধি পর্যায়ের আলোচনা চলছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং মঙ্গোলিয়ার রাষ্ট্রপতি খুরেলসুখ উখনা বৈঠকে উপস্থিত রয়েছেন। বৈঠকে উভয় পক্ষ দ্বিপাক্ষিক সম্পর্কের বিভিন্ন দিক পর্যালোচনা করবে। আলোচনার পর বেশ কয়েকটি সমঝোতা স্মারক পত্র- মৌ স্বাক্ষরিত হওয়ার কথা ।

এর আগে, মঙ্গোলিয়ার রাষ্ট্রপতি রাজঘাট পরিদর্শন করেন এবং মহাত্মা গান্ধীর প্রতি শ্রদ্ধা জানান। তিনি চার দিনের ভারত সফরে রয়েছেন।

মঙ্গোলিয়ার রাষ্ট্রপতি আজ সন্ধ্যায় রাষ্ট্রপতি ভবনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সাথেও সাক্ষাৎ করবেন। মঙ্গোলিয়ার রাষ্ট্রপতির সাথে বিভিন্ন দপ্তরের মন্ত্রী, সংসদ সদস্য, ঊর্ধ্বতন কর্মকর্তা, শিল্পপতি এবং সাংস্কৃতিক প্রতিনিধিদের সমন্বয়ে গঠিত একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধিদল রয়েছে। রাষ্ট্রপতি হিসেবে এটি খুরেলসুখের প্রথম ভারত সফর।

oooooooooooooooooooooo

রাষ্ট্রসংঘে সেনা সরবরাহকারী দেশগুলির প্রধানদের তিন দিনের সম্মেলন আজ নতুন দিল্লিতে শুরু হয়েছে। সেনা কর্মীরা যেসব চ্যালেঞ্জের সম্মুখীন হন এবং উন্নত অনুশীলন প্রক্রিয়ার পন্থাপদ্ধতি নিয়ে বিস্তারিত আলোচনা হবে এই সম্মেলনে। এছাড়াও বিশ্বের বিভিন্ন অঞ্চলে শান্তিরক্ষার বিষয়ে কিভাবে যৌথ বোঝাপড়া গড়ে তোলা যায়, তা নিয়েও মত বিনিময় হবে।

সম্মেলনে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেন, ভারত পুরনো আন্তর্জাতিক সংস্থাগুলির কাঠামো সংস্কারের পক্ষে। কারণ বেশকিছু দেশ আন্তর্জাতিক নিয়মকানুন লঙ্ঘন করছে। কিছু দেশ আধিপত্য বিস্তার করতে আগ্রহী। তিনি স্পষ্ট জানান, আন্তর্জাতিক নিয়মশৃঙ্খলা বজায় রাখার ক্ষেত্রে ভারতের অবস্থান সুদৃঢ়। বিশ্বজুড়ে

শান্তিরক্ষার সাফল্য শুধুমাত্র সংখ্যার ওপর নির্ভর করে না, বরং প্রস্তুতির ওপর নির্ভর করে।

(বাইট – রাজনাথ)

শান্তিরক্ষার জন্য মন্ত্রী সমস্ত সদস্য রাষ্ট্রদের সৈন্য, রসদ এবং প্রযুক্তি সহায়তা বৃদ্ধি করার আহ্বান জানিয়েছেন। নিরাপদ যোগাযোগ, নজরদারির ব্যবস্থা এবং মানবহীন প্ল্যাটফর্মের মতো উদ্ভাবনগুলিকে আরও বেশি করে কার্যকর করতে হবে। শান্তিরক্ষায় মহিলাদের অংশগ্রহণের ওপরও গুরুত্ব দেন শ্রী সিং। তিনি বলেন, মহিলাদের উপস্থিতি, শান্তিরক্ষা কার্যক্রমের উপযোগিতা আরও বৃদ্ধি করে এবং স্থানীয় জনগণের সঙ্গে আস্থা তৈরি করে।

দেশের সেনাবাহিনীর প্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী উন্নত প্রযুক্তিকে কাজে লাগানোর, সক্ষমতা বৃদ্ধি এবং অংশগ্রহণকারী দেশগুলির মধ্যে যোগাযোগ বৃদ্ধির প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব দেন। তিনি উল্লেখ করেন, ভারত এখনও পর্যন্ত রাষ্ট্রসংঘের মোট ৭১-টি শান্তিরক্ষা অভিযানের মধ্যে ৫১-টি অভিযানে অংশ নিয়েছে। প্রায় ৩ লক্ষ মহিলা ও পুরুষ সেনাকর্মীকে শান্তিরক্ষার জন্য পাঠিয়েছে।

(বাইট – উপেন্দ্র দ্বিবেদী)

oooooooooooooooooooooo

চলতি অর্থবছরে এখন পর্যন্ত মোট প্রত্যক্ষ কর সংগ্রহ এখন পর্যন্ত ৬.৩৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ১১ লক্ষ ৮৯ হাজার কোটি টাকারও বেশি হয়েছে। আয়কর বিভাগ জানিয়েছে, ১ এপ্রিল থেকে ১২ অক্টোবর পর্যন্ত, নেট কর্পোরেট কর আদায় প্রায় ৫ লক্ষ ২ হাজার কোটি টাকায় দাঁড়িয়েছে, যা গত বছরের একই সময়ের তুলনায় ২ শতাংশ বেশি। কর্পোরেট নয় এমন কর প্রায় ১০ শতাংশ বৃদ্ধি পেয়ে প্রায় ৬ লক্ষ ৫৬ হাজার কোটি টাকায় দাঁড়িয়েছে। রিফান্ড এর আগে মোট প্রত্যক্ষ কর আদায় ১৩

লক্ষ ৯২ হাজার কোটি টাকারও বেশি হয়েছে। এটি আগের বছরের একই সময়ের তুলনায় ২.৩৬ শতাংশ বেশি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কর্মক্ষেত্রে দেশে মহিলা কর্মীদের অংশগ্রহণের হার উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে বলে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রক জানিয়েছে। ২০১৭-১৮ সালে মহিলাদের এক্ষেত্রে অংশগ্রহণের হার ছিল ২৩ শতাংশ। কিন্তু ২০২৩-২৪ সালে তা বেড়ে ৪২ শতাংশে পৌঁছেছে । বিশ্ব ব্যাঙ্কের তথ্য অনুসারে গত এক দশকে ব্রিকস্ গোষ্ঠীভূক্ত দেশগুলির মধ্যে শ্রমশক্তিতে মহিলাদের অংশগ্রহণ রেকর্ড পরিমাণ বৃদ্ধি পেয়েছে।

মহিলাদের এই অংশগ্রহণ দেশের দ্রুত অর্থনৈতিক উন্নয়নকে প্রতিফলিত করে। সরকারী নীতির ফলেই কর্মক্ষেত্রে বিশেষত সরকারী চাকরিতে মহিলাদের অংশগ্রহণ যথেষ্ট বৃদ্ধি পেয়েছে।

সরকারী নীতিগুলির মধ্যে রয়েছে প্রতিযোগিতামূলক পরীক্ষা থেকে ফি মুকুব, ৭৩০ দিনের চাইল্ড কেয়ার লিভ, স্বামী-স্ত্রীকে কাছাকাছি জায়গায় নিয়োগ করা এবং ১৮০ দিনের মাতৃত্বকালীন ছুটি উল্লেখযোগ্য।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় সরকার গত নয় অক্টোবর দেশব্যাপী তৃতীয় পর্যায়ের 'তামাক মুক্ত যুব অভিযান কর্মসূচি' চালু করেছে। দুমাস ধরে এই অভিযান চলবে। একটি প্রতিবেদন-

( ক্যাপসুল- কাশফিন / টোবাকো )

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় সরকারের তৃতীয় পর্যায়ের তামাক মুক্ত যুব অভিযান ও কার্ডিও পালমোনারি রেসাসিটেশন সচেতনতা সপ্তাহ উপলক্ষে আজকের খবরের আয়নায়

শুনবেন বিশিষ্ট হৃদরোগ বিশেষজ্ঞ চিকিৎসক সৌমিত্র রায়ের মতামত। অনুষ্ঠানটি শোনা যাবে রাত আটটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, স্থানীয় সংবাদের ঠিক পরেই।

oooooooooooooooooooooo

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, মিশরের প্রেসিডেন্ট আবদেল-ফাত্তাহ আল-সিসি, তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়্যেপ এরদোগান এবং কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি মিশরের শার্ম এল-শেখে ইজরায়েল - গাজা সংঘাতের অবসানের জন্য একটি ঐতিহাসিক চুক্তি স্বাক্ষর করেছেন। শার্ম এল-শেখে, গাজা শান্তি সম্মেলনের সময় এই চুক্তি স্বাক্ষরিত হয়। সম্মেলনে ৩০ জনেরও বেশি বিশ্ব নেতা এবং বিভিন্ন দেশের প্রতিনিধি উপস্থিত ছিলেন।

সম্মেলনে বক্তৃতা দিতে গিয়ে রাষ্ট্রপতি ট্রাম্প বলেন, শুধু মধ্যপ্রাচ্য নয়, গোটা বিশ্বের জন্যও এ এক ঐতিহাসিক মুহূর্ত। চুক্তি বাস্তবায়িত হওয়ার জন্য তিনি উপস্থিত সব নেতাকে ধন্যবাদ জানান।

মধ্যপ্রাচ্যে তৃতীয় বিশ্বযুদ্ধ শুরু হওয়ার গুজব নাকচ ক'রে ট্রাম্প বলেন, গাজায় যুদ্ধ শেষ হয়ে গেছে। এখন সেখানে সবরকম মানবিক সাহায্য পৌঁছবে।

শীর্ষ সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে মিশরের রাষ্ট্রপতি আল-সিসি মুহূর্তটিকে একটি ঐতিহাসিক মাইলফলক বলে অভিহিত করেন এবং এটিকে এক যন্ত্রণাদায়ক অধ্যায়ের সমাপ্তি এবং মধ্যপ্রাচ্যে শান্তি ও স্থিতাবস্থার নতুন যুগের সূচনা বলে বর্ণনা করেন। তিনি বলেন, ইজরায়েলের পাশাপাশি প্যালেস্তাইনের একটি স্বাধীন রাষ্ট্র হিসেবে থাকার অধিকার রয়েছে। স্থায়ী শান্তির পথ হিসেবে দ্বি-রাষ্ট্র সমাধানের প্রতি মিশরের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন আল-সিসি।

oooooooooooooooooooooo

বিদেশ ও পরিবেশ প্রতিমন্ত্রী কীর্তি বর্ধন সিং বলেছেন, শার্ম এল-শেখে স্বাক্ষরিত ঐতিহাসিক শান্তি চুক্তিকে ভারত স্বাগত জানায়। এই চুক্তি মধ্যপ্রাচ্যে দীর্ঘস্থায়ী শান্তি প্রতিষ্ঠার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে বলে তিনি আশা প্রকাশ করেন।

সম্মেলনের ফাঁকে বিদেশ প্রতিমন্ত্রী মিশরের রাষ্ট্রপতির সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন, মধ্যপ্রাচ্যে শান্তি ও স্থিতিশীলতার প্রতি ভারতের প্রতিশ্রুতির কথা তুলে ধরেন। বৈঠকের পর শ্রী সিং বলেন, শীর্ষ সম্মেলন কূটনৈতিক ও আলোচনার পথে শান্তি প্রতিষ্ঠার ক্ষেত্র হিসেবে এক আন্তর্জাতিক মঞ্চ। তিনি বলেন, ভারত, মার্কিন রাষ্ট্রপতি ট্রাম্পের গাজা শান্তি পরিকল্পনাকে সর্বাংশে সমর্থন করে, একই সঙ্গে পণবন্দীদের মুক্তির ক্ষেত্রে মিশর ও কাতারের গুরুত্বপূর্ণ ভূমিকার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করে।

ooooooooooooooooooooooo

মিশরে শার্ম আল-শেখে গাজা যুদ্ধাবসানের লক্ষ্যে আয়োজিত শীর্ষ সম্মেলনে বক্তৃতা দিতে গিয়ে মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প ভারতের প্রশংসা করেছেন এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে তাঁর অত্যন্ত ভালো হিতৈষী বলে অভিহিত করেছেন।

রাষ্ট্রপতি ট্রাম্প বলেছেন, ভারত এক অনন্য দেশ এবং মার্কিন যুক্তরাষ্ট্রের অন্যতম গুরুত্বপূর্ণ সহযোগী রাষ্ট্র। প্রধানমন্ত্রী মোদি অসাধারণ কাজ করে চলেছেন।

ooooooooooooooooooooooo

জম্মু-কাশ্মীরের উত্তর কাশ্মীরের কুপওয়ারা জেলায় নিয়ন্ত্রণ রেখার কাছাকাছি গুলির লড়াইয়ে দুই জঙ্গি'র মৃত্যু হয়েছে। সেনাবাহিনীর পক্ষ থেকে এক বিবৃতিতে জানানো হয়েছে, নির্দিষ্ট সূত্রে খবর পেয়ে গতকাল সেনা এবং জম্মু-কাশ্মীর পুলিশ কুপওয়ারা জেলার সীমান্তবর্তী মাচিল সেক্টরে যৌথ অভিযান চালায়।

সেনা মুখপাত্র জানান,অভিযান শুরু হলে জঙ্গিরা নিরাপত্তা বাহিনীকে লক্ষ্য করে গুলি ছুঁড়তে থাকে।দুপক্ষের গুলির লড়াইয়ে দুই জঙ্গির মৃত্যু হয়। ঘটনাস্থল থেকে প্রচুর পরিমাণে অস্ত্র,গোলা বারুদ উদ্ধার হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারত সন্ত্রাসবাদের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে। সন্ত্রাসবাদীদের হাত থেকে দেশকে রক্ষা করতে একাধিক পদক্ষেপ করা হয়েছে বলেও আজ তিনি জানান। এদিন হরিয়ানার মানেসারে ন্যাশনাল সিকিউরিটি গার্ড (NSG) এর ৪১ তম প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠানে যোগ দিয়ে শ্রী শাহ বলেন, সংগঠিত অপরাধ দমন ও সন্ত্রাসবাদের বিরুদ্ধে সামনে থেকে লড়াই করছে এনএসজি।

উত্তরপ্রদেশের অযোধ্যায় এনএসজি-এর একটি হাব তৈরি হবে বলেও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী জানান। এদিন সন্ত্রাসবাদ মোকাবিলায় প্রশিক্ষণ দিতে একটি ট্রেনিং সেন্টারের ভিত্তিপ্রস্তরও স্থাপন করেন শ্রী শাহ।

(বাইট – শাহ্)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গের দুর্গাপুর ধর্ষণ কান্ডে নির্যাতিতার বয়ান অনুযায়ী পাঁচ অভিযুক্তকে নিয়ে ঘটনাস্থলে গিয়ে পুলিশ, শুক্রবার রাতে কি ঘটেছিল তার পুনর্নির্মাণ করেন। পুলিশের ডেপুটি কমিশনার অভিষেক গুপ্তা এই সময় উপস্থিত ছিলেন এবং গোটা ঘটনার পুনর্নির্মাণ প্রক্রিয়ার ভিডিও গ্রাফি করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারত, ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে দুই ম্যাচের টেস্ট ক্রিকেট সিরিজ ২-০ তে জিতে নিয়েছে। দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে দ্বিতীয় টেস্ট ম্যাচে ভারত ৭

উইকেটে ওয়েস্ট ইন্ডিজকে হারিয়ে দিয়েছে। ম্যাচ জয়ের জন্য ১২১ রানের লক্ষ্যে ১ উইকেটে ৬৩ রান হাতে নিয়ে আজ পঞ্চম দিনে খেলতে নেমে, ভারত প্রথম সেশনেই লক্ষ্যে পৌঁছে যায়।

oooooooooooooooooooooo